



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
প্রশাসন শাখা
www.ictd.gov.bd



নম্বর: ৫৬.০০.০০০০.০৩৬.১১.০১৮.১৭.৬১২

তারিখ: ২৮ অগ্রহাষণ ১৪২৮
১৩ ডিসেম্বর ২০২১

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সুপারিশের পরিপ্রেক্ষিতে জনাব মোহাম্মদ কামরুল হাসান, হোল্ডিং নং-১৩৬, গ্রাম: উত্তর গ্রাম, ডাকঘর: শংকুচাইল বাজার, উপজেলা: বুড়িচং, জেলা: কুমিল্লা-কে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের “সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা” (১০ম গ্রেড)-এর শূন্যপদে নিম্নবর্ণিত শর্তে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো:

শর্তসমূহ

- ক) নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১০নং গ্রেডে (টাকা ১৬০০০-৩৮৬৪০) বেতন এবং সরকার কর্তৃক নির্ধারিত অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন;
- খ) নিয়োগ প্রাপ্তির পর চাকরি প্রারম্ভিকভাবে ২ (দুই) বছর শিক্ষানবিসকাল হিসেবে গণ্য হবে; শিক্ষানবিসকাল সন্তোষজনক হলে এবং প্রয়োজনীয় প্রশিক্ষণ সমাপ্ত হলে চাকরি স্থায়ী করা হবে;
- গ) শিক্ষানবিসকালে কোন প্রকার ক্ষতিপূরণ প্রদান ব্যতিত কর্তৃপক্ষ যে কোন সময়ে চাকরিচ্যুত করার অধিকার সংরক্ষণ করে;
- ঘ) চাকরির বিষয়ে সরকারের চাকরি সংক্রান্ত প্রচলিত সকল বিধি-বিধান প্রযোজ্য হবে;
- ঙ) আবেদনপত্রে প্রদানকৃত নিজ জেলা সম্পর্কিত তথ্য বা অন্য কোন তথ্য মিথ্যা প্রদান করা হয়েছে মর্মে কোন প্রমাণ পাওয়া গেলে এ নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে;
- চ) দাখিলকৃত কোন সনদপত্র জাল বা জালিয়াতির মাধ্যমে সৃষ্ট মর্মে প্রতীয়মান হলে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল করা হবে।
- ছ) আগামী ১৫ ডিসেম্বর ২০২১ তারিখের মধ্যে সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা বরাবর “সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা” পদে যোগদানপত্র দাখিল করতে হবে;
- জ) নির্ধারিত তারিখের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে চাকরিতে যোগদানে ইচ্ছুক নন মর্মে গণ্য করা হবে এবং উক্ত তারিখের পর কোনক্রমেই যোগদানপত্র গ্রহণ করা হবে না।

০২। বিধি মোতাবেক নিয়োগ পূর্ববর্তী প্রয়োজনীয় কার্যাদি সম্পন্নকরণপূর্বক এ প্রজ্ঞাপন জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

Bahur

১৩-১২-২০২১

ইসরাত জাহান

উপসচিব

ফোন: ০২-৪১০২৪০২৮

ইমেইল: israt@ictd.gov.bd

নম্বর: ৫৬.০০.০০০০.০৩৬.১১.০১৮.১৭.৬১২/১(৪৭)

তারিখ: ২৮ অগ্রহাষণ ১৪২৮

১৩ ডিসেম্বর ২০২১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ২) সিনিয়র সচিব, অর্থ বিভাগ
- ৩) সচিব, সচিবের দপ্তর, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন
- ৪) অতিরিক্ত সচিব (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ৫) যুগ্মসচিব (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ৬) উপসচিব (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ৭) উপ পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৮) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ৯) সিনিয়র সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ১০) চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
- ১১) হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব ও নিরীক্ষা শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ১২) জনাব মোহাম্মদ কামরুল হাসান, হোল্ডিং নং-১৩৬, গ্রাম: উত্তর গ্রাম, ডাকঘর: শংকুচাইল বাজার, উপজেলা: বুড়িচং, জেলা: কুমিল্লা